

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৭৭

১/ বিবিধ

আরবী

صاحب الدين مغلول في قبره حتى يقضى عنه دينه
ضعيف

رواه ابن عدي (207/2) والديلمي (151) من طرفيين عن أبي سفيان السعدي عن أبي نصرة عن أبي سعيد الخدري مرفوعا

قلت: وهذا إسناد ضعيف، أبو سفيان هذا اسمه طريف بن شهاب الأشل، وفي ترجمته أورده ابن عدي وقال في آخرها: " وقد روی عنه الثقات، وإنما أنكر عليه في متون الأحاديث أشياء لم يأت بها غيره ". وقال الحافظ في " التقريب ": " ضعيف

والحديث أورده السيوطي في " الجامع " من رواية الديلمي عن أبي سعيد به إلا أن قال: " لا يفكة إلا قضاء دينه ". وقال المناوي: " وفيه أحمد بن يزيد أبو العوام، قال الذهبي في " الذيل ": مجهول ". قلت: فيه

أولاً: أن ابن عدي رواه من غير طريقه كما أشرت إليه أعلاه

ثانياً: في " الديلمي ": " أحمد بن يزيد العوام " والصواب ما في " المناوي " لما يأتي

ثالثاً: لم أجد ترجمة لأبي العوام هذا في شيء مما عندي من كتب الجرح والتعديل، وإنما ذكره الخطيب ووثقه، فقال في "تاريخ بغداد" (5/227) : "أحمد بن يزيد أبو العوام الرياحي. حدث عن مالك بن أنس وهشيم بن بشير (و ... و ... و ...)، روى عنه أبنه محمد، وكان ثقة، وكان يستملي على إسماعيل بن عليه

وإنما أوردت الحديث في هذه السلسلة للفظة "مغلول"، وإنما فالحديث صحيح نحوه بلفظ: "مأسور" وقد جاء فيه حديثان صحيحان، خرجت هما في "أحكام الجنائز" (ص 14 - 15)

বাংলা

১৩৭৭। ঋণগ্রস্ত ব্যক্তি করবের মধ্যে তার দু'হাত কাঁধের সাথে বাধা অবস্থায় থাকবে যে পর্যন্ত তার পক্ষ থেকে তার ঋণ পরিশোধ করা না হবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইবনু আদী (২/২০৭) ও দায়লামী দুটি সূত্রে আবু সুফইয়ান সাদী হতে, তিনি আবু নায়রাহ হতে, তিনি আবু সাঈদ খুদরী (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এ আবু সুফইয়ানের নাম হচ্ছে তুরায়েফ ইবনু শিহাব আলআশাল্ল। তার জীবনী আলোচনা করতে গিয়ে ইবনু আদী হাদীসটি উল্লেখ করে শেষে বলেছেনঃ তার থেকে নির্ভরমোগ্য বর্ণনাকারীগণ হাদীস বর্ণনা করেছেন। তার বর্ণনাকৃত কতিপয় হাদীসের কিছু কিছু (অংশকে) অস্বীকার করা হয়েছে যেগুলোকে তিনি ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

হাফিয় ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল।

হাদীসটিকে সুযুক্তি “আলজামেউস সাগীর” গ্রন্থে দায়লামীর বর্ণনায় আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণনা করেছেন। তবে তিনি (এ ভাষায়) বলেছেনঃ (لَا يفকِّهُ إِلَّا قضاء دِينِ) "তার ঋণ পরিশোধ না করা পর্যন্ত তাকে ছাড়া হবে না।"

মানবী বলেনঃ এর সনদে আহমাদ ইবনু ইয়ায়ীদ আবু আওয়াম রয়েছেন। তার সম্পর্কে হাফিয় যাহাবী “আয়াইল” নামক গ্রন্থে বলেনঃ তিনি মাজহুল।

আমি (আলবানী) বলছিঃ

- ১। ইবনু আদী হাদীসটি বর্ণনা করেছেন তার সূত্র ছাড়া অন্য সূত্রে যেমনটি আমি উল্লেখ করেছি।
- ২। দায়লামীর বর্ণনার মধ্যে বর্ণনাকারী হিসেবে আহমাদ ইবনু ইয়ায়ীদ আলআওয়ামকে উল্লেখ করা হয়েছে। তার ব্যাপারে মানবী যা বলেছেন তাই সঠিক।
- ৩। কারণ আমার নিকট যেসব কিতাব রয়েছে সেগুলোর কোনটিতেই আবু আওয়ামের জীবনী পাচ্ছি না। তাকে খাতীব বাগদাদী উল্লেখ করেছেন এবং তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। তিনি "তারীখু বাগদাদ" গ্রন্থে (৫/২২৭) বলেনঃ তিনি হচ্ছেন আহমাদ ইবনু ইয়ায়ীদ আবু আওয়াম রিয়াহী। তিনি মালেক ইবনু আনাস, হৃশায়েম ইবনু বাশীর প্রমুখ হতে হাদীস বর্ণনা করেছেন। তার থেকে তার ছেলে মুহাম্মাদ বর্ণনা করেছেন। তিনি নির্ভরযোগ্য ছিলেন ...।

এরূপ ভাবার্থে সহীহ হাদীস বর্ণিত হয়েছে। শুধুমাত্র শব্দগত কারণে এখানে হাদীসটিকে উল্লেখ করে দুর্বল আখ্যা দেয়া হয়েছে। এ সম্পর্কে তিরমিয়ীতে সহীহ হাদীস বর্ণিত হয়েছে যার ভাষায় উল্লেখ করা হয়েছে যে, "মুমিন ব্যক্তির আত্মা তার ঝণের কারণে ঝুলে থাকে যে পর্যন্ত তার পক্ষ থেকে ঝণ আদায় না করা হবে।" [দেখুন "সহীহ তিরমিয়ী" (১০৭৯), "সহীহ তারগীব অততারহীব" (১৮১১) ও সহীহ জামে'ইস সাগীর (৬৭৭৯)]

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72256>

১. হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন